

# মানব পাচার প্রতিরোধে ইউনিয়ন পরিষদের সচিবদের নিয়ে প্রশিক্ষণ কর্মশালা



ইউপি সচিবদের কর্মশালার সমাপনী অনুষ্ঠানে যশোরের অতিরিক্তি জেলা ম্যাজিস্ট্রেট জনাব জনেন্দ্রনাথ সরকার বলেছেন, দেশে যত নিকট কাজ আছে তার মধ্যে জঘন্যতম হচ্ছে মানবপাচার। সমাজে যেকোন অপরাধের তুলনায় এটি ভিন্নতর। কেননা এ অপরাধ কাজে প্রাথমিকভাবে ভিকটিমের স্বজনরাও জড়িত থাকে। ৭ জুলাই ২০১০ বুধবার দুপুরে রাইটস যশোরের উদ্যোগে মানব পাচার প্রতিরোধে ইউপি সচিবদের দু'দিনব্যাপি প্রশিক্ষণ কর্মশালার সমাপনী অনুষ্ঠানে প্রধানঅতিথির বক্তৃতাকালে তিনি একথা বলেন। তিনি আরও

বলেন, পাচারের বিষয়ে কাউকে ভয় দেখিয়ে কাজ হবে না। আমরা যদি সাধারণ মানুষকে বুঝিয়ে পড়িয়ে সচেতন করতে পারি, তবেই এ সর্বনাশা থেকে মুক্ত হতে পারবো। সমন্বিত কাজের মাধ্যমে এ অপরাধ দমন সম্ভব বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। রাইটস যশোরের ট্রেনিং রুমে সংগঠনের সভাপতি অ্যাডভোকেট শরীফ আব্দুর রাকিবের সভাপতিত্বে সমাপনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সংগঠনের নির্বাহী পরিচালক বিনয় কৃষ্ণ মল্লিক, ইউপি সচিব আসাবুল হক মাহুদ, বিষ্ণুপদ সেন প্রমুখ। উদ্বোধন ও সমাপনী অনুষ্ঠানে সংগঠনের নির্বাহী পরিচালক বিনয় কৃষ্ণ মল্লিক ছাড়াও সিটিপিসিএম প্রকল্পের প্রজেক্ট কোঅর্ডিনেটর এসএম তোফাজ্জেল হোসেন, প্রোগ্রাম অফিসার মো. আব্দুল্লাহ প্রমুখ উপস্থিত ছিলেন। কর্মশালায় ফ্যাসিলিটেটর হিসাবে দায়িত্ব পালন করেন রাইটস যশোরের ট্রেনিং অফিসার মো. সুলতানুজ্জামান, তৌহিদ-উজ-জামান, সহ-প্রোগ্রাম অফিসার জাকিয়া সুলতানা ও আব্দুর রহমান।

ডানিডা/ডেনমার্ক দূতাবাসের আর্থিক সহায়তায় সিটিপিসিএম প্রকল্পের অধীন মানবপাচার প্রতিরোধে আইন শৃঙ্খলা রক্ষা বাহিনী ও জনপ্রতিনিধিদের দক্ষতা বৃদ্ধিমূলক দুদিনব্যাপি এই কর্মশালায় খুলনা বিভাগের ৭টি জেলার ২৫টি ইউনিয়নের সচিবরা অংশগ্রহণ করেন। অতিরিক্তি জেলা ম্যাজিস্ট্রেট মহোদয় অংশগ্রহণকারীদের হাতে সনদ তুলে দেন।